

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

সরকারি কলেজ-৫ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.৯৯.০০১.২০.৮

তারিখ: ৩০ পৌষ ১৪২৬

১৪ জানুয়ারি ২০২০

বিষয়: মুজিব বর্ষ উপলক্ষে সদ্য সরকারিকৃত কলেজসমূহে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন, প্রকাশনা প্রস্তুত, উন্নয়ন কর্মকান্ড (মুরাল/ভাস্কর্য) ইত্যাদি বিষয়ে কলেজের স্থানীয় তহবিল ব্যবহার।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদ্য সরকারিকৃত কলেজগুলোতে মুজিব বর্ষ পালনের লক্ষ্যে মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে নিজ নিজ সামর্থ্য অনুযায়ী জেলা সদরে অবস্থিত কলেজসমূহের ক্ষেত্রে অধ্যক্ষ ও সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক এবং উপজেলার মধ্যে অবস্থিত কলেজসমূহের ক্ষেত্রে অধ্যক্ষ ও সংশ্লিষ্ট উপজেলার নির্বাহী অফিসার যৌথ স্বাক্ষরে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে বর্ণিত কার্যক্রম বাস্তবায়নে কলেজের স্থানীয় তহবিল ব্যবহারের অনুমতি নির্দেশক্রমে দেয়া হলো:

ক) প্রযোজ্য ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক PPA এবং PPR অনুসরণক্রমে অর্থমন্ত্রণালয়ের সংশ্লিষ্ট প্রজ্ঞাপন অনুসরণ করতে হবে।

খ) আর্থিক অনিয়ম সংঘটিত হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকবেন;

গ) শিক্ষার্থীদের নিকট থেকে এ বাবদ অতিরিক্ত কোন ফি আদায় করা যাবে না;

ঘ) মুরাল/ভাস্কর্য নির্মাণের ক্ষেত্রে স্থানীয় শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রাক্কলন গ্রহণ করতে হবে;

ঙ) শিক্ষা মন্ত্রণালয় হতে ৬ জুলাই ২০১৪ তারিখের শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫ নং পরিপত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

চ) অডিট কার্যক্রমের জন্য সকল ব্যয়ের ভাউচারাদি সংরক্ষণ করতে হবে।



১৬-১-২০২০

মোঃ মঈনুল হাসান

উপসচিব

মহাপরিচালক

মহাপরিচালকের দপ্তর

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮৫.৯৯.০০১.২০.৮/১(৪৮৭)

তারিখ: ৩০ পৌষ ১৪২৬

১৪ জানুয়ারি ২০২০

সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২) উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

- ৩) জেলা প্রশাসক (সকল)
- ৪) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৭) অধ্যক্ষ, সকল সদ্য সরকারি কলেজ।
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৬-১-২০২০

মোঃ মঈনুল হাসান
উপসচিব